৯৯৯ এ কল পেয়ে মাঠ থেকে ইজিবাইক চালকের মরদেহ উদ্ধার করলো পুলিশ

মেহেরপুরের শহর সংলগ্ন ময়ামারীর মাঠের একটি লিচু বাগান থেকে জামাল উদ্দিীন ফকির (৫০) নামের এক মাদকসেবীর মরদেহ উদ্ধার করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।

আজ বৃহস্পতিবার (৮ সেপ্টেম্বর) বেলা সাড়ে তিনটার সময় ৯৯৯ কল পেয়ে ময়ামারীর মাঠের একটি লিচু বাগান থেকে তার মরদেহ উদ্ধার করা হয়। মরদেহের পাশ থেকে হেরোইন সেবনের বিভিন্ন উপকরণ পাওয়া গেছে। জামাল উদ্দীন ফকির গাংনী উপজেলার রামকৃষ্ণপুর ধলা গ্রামের ঘুনাপাড়া এলাকার আবুল হোসেনের ছেলে।

এদিকে রামকৃষ্ণপুর-ধলার সাবেক মেম্বর রুহুল আমিন কালু বলেন, জামাল ফকির ইজিবাইক চালক ছিলেন। তার তিন মেয়ে ও স্ত্রী আছে।

মেহেরপুর এএসপি সার্কেল অপু সরোয়ার বলেন, ৯৯৯ ফোন কল পেয়ে ঘটনাস্থল থেকে তার মরদেহ উদ্ধার করা হয়েছে। এসময় মরদেহের পাশে থেকে হেরোইন সেবনের বিভিন্ন সরঞ্জাম উদ্ধার করা হয়েছে। এছাড়া তার পকেট থেকে একটি পরিচয়পত্র পাওয়া গেছে। সে মেহেরপুর জেলা ইজিবাইক চালক সমিতির সদস্য বলে জানা গেছে।

তিনি আরো বলেন, মরদেহ উদ্ধার করে সুরোতহাল রিপোর্ট শেষে ময়না তদন্তের জন্য মেহেরপুর জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।